



ড. মোল্লা মাহমুদ হাসান
কোর্স পরিচালক
১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্স এবং
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
ফোন: ০২-৫৫১৬৫৯২৬
মোবাইল: ০১৭১১২৬৮৪৬৫
ই-মেইল: directorpd@bcsadminacademy.gov.bd

প্রিয় প্রশিক্ষার্থী,

শুভেচ্ছা নিবেন। বিসিএস প্রশাসন একাডেমিতে আগামী ২৭ নভেম্বর ২০২২ থেকে শুরু হতে যাওয়া ৫ (পাঁচ) মাসব্যাপী ১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্সে প্রশিক্ষার্থী হিসেবে মনোনীত হওয়ায় একাডেমির পক্ষ থেকে আপনাকে আন্তরিক অভিনন্দন।

০২। আশা করি আপনি ইতোমধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন এবং ২৬ নভেম্বর ২০২২ তারিখ আবশ্যিকভাবে একাডেমিতে উপস্থিত হয়ে রিপোর্টিংসহ আনুষঙ্গিক কার্যক্রম সম্পন্ন করবেন। পাঁচ মাসের আবাসিক এই প্রশিক্ষণের পূর্ব-প্রস্তুতির সুবিধার্থে প্রয়োজনীয় নির্দেশাবলী নিম্নোক্ত:

- ক) কোর্সটি সম্পূর্ণ আবাসিক হওয়ায় প্রত্যেক প্রশিক্ষার্থীর জন্য প্রশিক্ষণকালে একাডেমিতে অবস্থান করা বাধ্যতামূলক।
- খ) একাডেমির সকল বিধি-বিধান আবশ্যিকভাবে মেনে চলতে হবে।
- গ) মডিউল অনুসারে প্রতিটি প্রশিক্ষণ সেশন, শরীরচর্চা, খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ অপরাপর কার্যক্রমে বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে।
- ঘ) কেবলমাত্র নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী একাডেমির ডাইনিং খোলা থাকবে।
- ঙ) সীমিত সংখ্যক নারী প্রশিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণকালে অনধিক একজন শিশু সন্তানসহ (৯ মাস হতে ৩ বছর বয়সী) একাডেমিতে থাকার সুযোগ রয়েছে। বিষয়টি কোর্স শুরুর পূর্বেই কোর্স ম্যানেজমেন্ট টিমকে অবহিত করতে হবে এবং এ ক্ষেত্রে একাডেমির পক্ষ থেকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।
- চ) একাডেমিতে আগমনের সময় প্রশিক্ষার্থীকে নিম্নোক্ত জিনিসপত্র সঙ্গে আনার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে:
 ১. সর্বশেষ কর্মস্থল থেকে ছাড়পত্র;
 ২. সদ্যতোলা ১০ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
 ৩. ৭৫০০.০০ (সাত হাজার পাঁচশত) টাকা নগদ জামানত (যা সফলভাবে প্রশিক্ষণ শেষে ফেরতযোগ্য);
 ৪. প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বইপত্র এবং নিজ কর্মস্থলের পরিচিতি সংক্রান্ত তথ্য উপাত্ত;
 ৫. কোর্স উদ্বোধনীসহ বিভিন্ন অনুষ্ঠান এবং প্রশিক্ষণ সেশনের জন্য মানসম্মত ও প্রয়োজনীয় সংখ্যক আনুষ্ঠানিক পোশাক (যেমন: আনুষ্ঠানিক স্যুট, সাদা শার্ট, গাঢ় কালো/নীল রং এর প্যান্ট, মার্জিত রং এর শাড়ি ইত্যাদি);
 ৬. খেলাধুলায় অংশগ্রহণের জন্য ২ সেট সাদা ট্র্যাকসুট এবং একজোড়া সাদা কেডস;
 ৭. নিজস্ব ল্যাপটপ, প্রিন্টার, পেনড্রাইভ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট অন্যান্য সামগ্রী সঙ্গে আনতে উৎসাহিত করা হলো;
 ৮. সীমিত ক্ষেত্রে প্রশিক্ষণকালীন সময়ের জন্য একাডেমি থেকে ল্যাপটপ সরবরাহ করা হবে যা প্রশিক্ষণ শেষে ফেরতযোগ্য;
 ৯. রিপোর্টিং এর সময় প্রশিক্ষার্থীদের দাপ্তরিকভাবে শোভন পোশাক পরিধানের জন্য অনুরোধ করা হলো।

০৩। কোর্সের সকল কার্যক্রম ইংরেজি মাধ্যমে পরিচালিত হবে।

০৪। কোভিড-১৯ এবং স্বাস্থ্য সংক্রান্ত অন্যান্য সরকারি নির্দেশনা আবশ্যিকভাবে পালনীয়।

০৫। অন্যান্য করণীয় ও বর্জনীয় বিষয়ে কোর্স ব্রিফিং এর সময় জানানো হবে।

০৬। প্রশিক্ষণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো:

কোর্সের নাম	কোর্স সমন্বয়ক	সহকারী কোর্স সমন্বয়ক
১২৭তম আইন ও প্রশাসন কোর্স	জনাব জান্নাতুল ফেরদৌস মোবাইল: ০১৮১৯১৬৪২১৬	জনাব সোহেল রানা মোবাইল: ০১৭৪৯৯৭৭১১০
১২৮তম আইন ও প্রশাসন কোর্স	জনাব রুপালী মন্ডল মোবাইল: ০১৯১৫৫১৭৫১৭	জনাব শফিকুর রিদোয়ান আরমান শাকিল মোবাইল: ০১৮১৭৭১৩৭৯০
১২৯তম আইন ও প্রশাসন কোর্স	জনাব আবু আসলাম মোবাইল: ০১৭৫৭৪৬৮৬১০	জনাব জাকিয়া আফরিন মোবাইল: ০১৭৫০৬৯৬৫৩০

০৭। আইন ও প্রশাসন কোর্স বিসিএস (প্রশাসন) ক্যাডার কর্মকর্তাদের একটি মৌলিক প্রশিক্ষণ। আশা করি এই প্রশিক্ষণ আপনাকে

২০৪১ সালের উন্নত, সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশের উপযোগী পেশাদার কর্মকর্তা হিসেবে গড়ে তুলতে সহায়ক হবে।

০৮। কোর্স চলাকালীন আপনার আনন্দঘন ও স্বাচ্ছন্দ্য অবস্থান নিশ্চিত করতে বিসিএস প্রশাসন একাডেমি বন্ধপরিচর।

জয় বাংলা।

শুভেচ্ছান্তে

AG
২০/০১/২০২২

ড. মোল্লা মাহমুদ হাসান

কোর্স পরিচালক

প্রাপক

প্রশিক্ষণার্থী

১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্স

১২৭তম, ১২৮তম এবং ১২৯তম আইন ও প্রশাসন কোর্স